গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
১৮৯/৪৮৫-৮৭, শিমরাইলকান্দি, ব্রাহ্মণবাড়িয়া।
www.dgfood.gov.bd

স্মারক নম্বর ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.১৯.২৬৮৭

তারিখ ঃ ০৪ কার্তিক, ১৪২৬ / ২০ অক্টোবর, ২০১৯

# "দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া জেলার অধীন ২০১৯-২০ (অবশিষ্ট সময়) ও ২০২০-২১ অর্থ বছরের জন্য ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০ (দশ) টি এলএসডিতে ০১ (এক) জন করে শ্রম ও হস্তার্পণ **(Labour & Handling)** ঠিকাদার নিয়োগের নিমিত্ত আগ্রহী প্রতিষ্ঠান/ঠিকাদারের নিকট হতে দরপত্রে বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| | | | |
|---|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/বিভাগ | ঃ | খাদ্য মন্ত্রণালয়। |
| ২ | এজেন্সী | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৩ | সংগ্রাহক সত্ত্বা | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া। |
| ৪ | যে কাজের জন্য দরপত্র/কাজের নাম | ঃ | ব্রাহ্মণবাড়িয়া জেলার ১০ টি এলএলডি'র শ্রম ও হস্তার্পণ (Labour & Handling) ঠিকাদার নিয়োগ (ব্রাহ্মণবাড়িয়া সদর, চান্দুরা, আশুগঞ্জ, আখাউড়া, নবীনগর, নাসিরনগর, উজানচর, সরাইল, কুটি ও কসবা)। |
| ৫ | দরপত্র বিজ্ঞপ্তি নং ও তারিখ | ঃ | স্মারক নংঃ ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.১৯.২৬৮৭, তারিখঃ ২০/১০/২০১৯ খ্রিঃ |
| ৬ | দরপত্র সংগ্রহের পদ্ধতি | ঃ | দুই খাম পদ্ধতিতে উন্মুক্ত দরপত্র। |
| ৭ | কাজের সময়কাল | ঃ | ২০১৯-২০ (অবশিষ্ট সময়) ও ২০২০-২১ অর্থ বছরের জন্য। |
| ৮ | দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ | ঃ | ০৭/১১/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময় পর্যন্ত। |
| ৯ | দরপত্র সিডিউলের মূল্য (প্রতিসেট) | ঃ | ৪০০/- (চারশত) টাকা, আশুগঞ্জ এলএসডি- ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা)। |
| ১০ | টেন্ডার সিকিউরিটি | ঃ | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা (প্রতি এলএসডি)। |
| ১১ | পারফরমেন্স সিকিউরিটি | ঃ | সংশ্লিষ্ট এলএসডি'র বিগত ০৩ (তিন) বছরের শ্রম ও হস্তার্পন কাজের পরিশোধিত বিলের গড় টাকার ১৫%, তবে ১০,০০০/- (দশ হাজার) টাকার কম নয় (সংযুক্ত- পরিশিষ্ট 'ক')। |
| ১২ | বাজেট এবং আয়ের উৎস | ঃ | রাজস্ব বাজেট, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| ১৩ | দরপত্র বিক্রয়কারী দপ্তরের নাম | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৪ | দরপত্র দাতার অভিজ্ঞতা | ঃ | খাদ্যশস্য/খাদ্য সামগ্রীর শ্রম ও হস্তার্পণ কাজে ন্যুনতম ০২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা। অভিজ্ঞতা সনদ সংশ্লিষ্ট ডিডিও কর্তৃক ইস্যুকৃত হতে হবে। |
| ১৫ | প্রাক-দরপত্র সভার তারিখ, সময় ও স্থান | ঃ | ০৩/১১/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকা, এ দপ্তর। |
| ১৬ | দরপত্র গ্রহণের তারিখ ও সময় | ঃ | ১১/১১/২০১৯ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত। |
| ১৭ | দরপত্র গ্রহণকারী দপ্তরের নাম | ঃ | ১। জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া।<br>২। জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৮ | দরপত্র উন্মুক্তকারী দপ্তরের নাম | ঃ | জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া। |
| ১৯ | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থান | ঃ | (ক) ১১/১১/২০১৯ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ ঘটিকায় যোগ্যতা বিষয়ক প্রস্তাব জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এর অফিস কক্ষে দরপত্রদাতা/দরপত্রদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) যোগ্যতা বিষয়ক প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (TOC) কর্তৃক খোলা হবে।<br>(খ) যে সকল দরপত্রদাতার যোগ্যতা বিষয়ক প্রস্তাব সন্তোষজনক (Responsive) বিবেচিত হবে কেবলমাত্র সেই সকল দরপত্রদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে। Responsive দরপত্রদাতাদের তালিকা, আর্থিক প্রস্তাব খোলার তারিখ, সময় ও স্থান সম্পর্কিত তথ্য জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া এর নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেয়া হবে। |
| ২০ | দরপত্রের মেয়াদকাল | ঃ | দরপত্র গ্রহনের তারিখ হতে ১২০ (একশত বিশ) দিন। |
| ২১ | দরপত্র আহবানকারী কর্মকর্তার নাম ও পদবী | ঃ | সুবীর নাথ চৌধুরী, জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া। |
| ২২ | দরপত্র সম্পর্কিত সকল তথ্য জানার জন্য (অফিস চলাকালীন সময়ে) | ঃ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর/হিসাব শাখা, এ দপ্তর।<br>ফোন নং: ০৮৫১-৫৮১২৩। |
| ২৩ | অত্র দরপত্র পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী পরিচালিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে সংগ্রাহক সত্ত্বা এ নোটিশ বাতিল বা পরিবর্তন বা সকল দরপত্র গ্রহণ/প্রত্যাখান/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। | | |

২০.১০.১৯
(সুবীর নাথ চৌধুরী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া।
ফোন: ০৮৫১-৫৮২৩২।

## ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী (General Conditions of Contract) ঃ

আবেদনকারীকে প্রতিষ্ঠানের নিজ প্যাডে আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জাতীয়তা, প্রতিষ্ঠানের নাম, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, প্রতিষ্ঠানের মালিকানার বিবরণ, প্রতিষ্ঠানের সহিত আবেদনকারীর সম্পর্ক ইত্যাদি বর্ণনা পূর্বক জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া বরাবর নিম্নবর্ণিত ডকুমেন্টসহ আবেদন করতে হবে।

১। সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি রঙ্গিন ছবি, নিজ নামের/প্রতিষ্ঠানের হাল সনের ট্রেড লাইসেন্স এবং নাগরিকত্ব/জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

২। সংশ্লিষ্ট আয়কর বিভাগ হতে ইস্যুকৃত টিআইএন (TIN) নম্বরসহ হালসন পর্যন্ত আয়কর পরিশোধের প্রত্যয়ন পত্রের একখানা সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৩। একক মালিকানার বেলায় কোন প্রথম শ্রেণীর ম্যাজিস্ট্রেট/নোটারী পাবলিক এর নিকট হতে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে হলফনামা (এফিডেভিট) এর মূল কপি/সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। অংশিদারী মালিকানার ক্ষেত্রে অংশিদারিত্বের স্বপক্ষে রেজিষ্ট্রিকৃত দলিলের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। লিমিটেড কোম্পানির বেলায় মেমোরেন্ডাম অব আর্টিকেলস এবং জয়েন্ট ষ্টক কোম্পানীর সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৬। ঠিকাদারের গ্রুপ, যৌথ উদ্যোগ বা সমবায়ের ক্ষেত্রে যথাযথ দলিল/দাখিলা এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭। চাহিত সকল সনদপত্র <u>১ম শ্রেণীর সরকারী কর্মকর্তা দ্বারা (নামযুক্ত সীলসহ) সত্যায়িত হতে হবে</u> এবং চুক্তি সম্পাদনকালে ফটোকপি সমূহের মূল কপি প্রদর্শন করতে হবে।

৮। খাদ্য বিভাগীয় অতীত দায়-দেনার (যদি থাকে) হলফনামার মূল কপি দাখিল করতে হবে।

৯। যে দরে চুক্তিপত্র সম্পাদিত হবে চুক্তিপত্র সম্পাদনের পর উক্ত দর বৃদ্ধি বা পরিবর্তন করার বিষয়ে কোন মামলা মোকদ্দমা দায়ের করা যাবে না মর্মে দরপত্রের সাথে সংশ্লিষ্ট ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

১০। অতীতে খাদ্য বিভাগীয় ঠিকাদারী কাজে আত্মসাৎ ঘটনার সাথে জড়িত দেওয়ানী/ফৌজদারী/সালিশী মামলায় চুড়ান্তভাবে দোষী সাব্যস্থ হয়ে থাকলে এমন ঠিকাদার/প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহণ করতে পারবে না।

১১। সালিশী মামলা নিষ্পত্তির অপেক্ষায়/আদালতের মামলা নিষ্পত্তির অপেক্ষায় আছে এমন ঠিকাদার দরপত্রে অংশ গ্রহন করতে পারবে। তবে সালিশী/মামলায় দোষী সাব্যস্ত হলে চুক্তি সম্পাদন করা হবে না/সম্পাদিত চুক্তি বাতিল করা হবে।

১২। প্রতিসেট দরপত্র সিডিউল মূল্য ৪০০/- (চারশত টাকা), আশুগঞ্জ এলএসডি ৭৫০/- (সাতশত পঞ্চাশ টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে সোনালী ব্যাংক লিমিটেড, ব্রাহ্মণবাড়িয়া শাখায় ১/৪৮৩১/০৩০১/২৩৬৬ নম্বর কোডে জমা দিতে হবে। টাকা জমা দেওয়ার পূর্বে ট্রেজারী চালান অত্র দপ্তরের হিসাব শাখা হতে অবশ্যই পাশ করে নিতে হবে এবং উক্ত জমার স্বপক্ষে ট্রেজারী চালানের মূল কপি অত্র দপ্তরে জমা দিয়ে দরপত্র সিডিউল গ্রহণ করতে হবে। জমাকৃত চালানের ফটোকপি/অতিরিক্ত কপি ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে অবশ্যই দাখিল করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে দরপত্র সিডিউল ক্রয় করতে হবে।

১৩। বর্ণিত বিষয়ে কেউ ভুল তথ্য প্রদান করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। চাহিত তথ্য সঠিক না হলে এবং নিয়োগ লাভের পর ভুল তথ্য প্রদান সংক্রান্ত বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে নিয়োগ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া খাদ্য বিভাগের সাথে চুক্তি সম্পাদনের পর খাদ্য বিভাগীয় এবং পুলিশ বিভাগীয় তদন্তে তার বিরুদ্ধে ফৌজদারী কিংবা এতদসংশ্লিষ্ট অন্য কোন অপরাধ যার তথ্য গোপন করা হয়েছে কিংবা অনুরুপ কোন অপরাধে শাস্তি প্রাপ্ত হলে তার নিয়োগ আদেশ এবং চুক্তি কর্তৃপক্ষ বাতিল করতে পারবেন।

১৪। দরপত্রদাতা দরপত্র তফসীলে বর্ণিত সকল তথ্যাদি সুন্দরভাবে কালো কালিতে লিখে বা টাইপ করে পুরণপূর্বক নির্দিষ্ট স্থানে সীলমোহরসহ দস্তখত করবেন। দরপত্র তফসীল ও দরপত্র বিজ্ঞপ্তির (ঠিকাদারের যোগ্যতা বিষয়ক নিয়মাবলী ও শর্তাবলী, দরপত্র দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী একত্রিত) <u>প্রতি পাতায় দরপত্র দাতার স্বাক্ষরসহ নামের সীল প্রদান করতে হবে।</u>

১৫। ডাকযোগে প্রেরিত দরপত্র নির্ধারিত তারিখ ও সময়ের পূর্বে পাওয়া গেলে উক্ত দরপত্র বিবেচিত হবে না। অর্থাৎ নির্ধারিত দিন নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র বাতিল বলে গণ্য হবে/ফেরত প্রদান করা হবে। নির্ধারিত সময়ের মধ্যে দরপত্র গ্রহণের বাক্সে দরপত্র ফেলতে হবে।

১৬। শর্তযুক্ত, কাটাছেঁড়া, ঘষামাজা, ফ্লুইডযুক্ত বা অসম্পূর্ন দরপত্র গৃহীত হবে না এবং প্রাইজ সিডিউল/দর তফসীল (আর্থিক প্রস্তাব) যথাযথভাবে পূরণকৃত না হলে দরপত্র বাতিল বলে গণ্য হবে। উদ্ধৃত দরের মধ্যে প্রযোজ্য ট্যাক্স, ভ্যাট এবং ইনসুরেন্স খরচ অন্তর্ভুক্ত হিসেবে গণ্য হবে। দাখিলকৃত সকল ডকুমেন্ট/কাগজপত্রে আবেদনকারীর স্বাক্ষর ও সীল থাকতে হবে।

## দরপত্র (Tender) দাখিলের নিয়মাবলী ও শর্তাবলী (Particular Conditions of Contract) ঃ

১৭) <u>ঠিকাদারের যোগ্যতা ঃ</u>

(ক) খাদ্যশস্য/খাদ্য সামগ্রী/এবং অনুরুপ প্রকৃতির শ্রম ও হস্তার্পন (Labour & Handling) কাজে ন্যূনতম ২ (দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। খাদ্য বিভাগের ক্ষেত্রে পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/সাইলো সুপার/জেলা খাদ্য নিয়ন্ত্রক/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতা সনদ এবং অন্যান্য সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থার ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন ও ব্যয়ন কর্মকর্তা কর্তৃক ইস্যুকৃত অভিজ্ঞতার সনদ হতে হবে। উক্ত অভিজ্ঞতার সনদে ঠিকাদারীর ধরণ ও কার্যকাল (কোন সাল হতে কোন সাল পর্যন্ত উক্ত ঠিকাদারী কাজ সম্পন্ন করেছেন বা করছেন) অবশ্যই উল্লেখ থাকতে হবে।

(খ) যে কোন সিডিউল ব্যাংক হতে এক আর্থিক বৎসরের লেনদেনের স্বপক্ষে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার ব্যাংক হিসাব বিবরণী (Bank Statement) সহ তিনি আর্থিকভাবে স্বচ্ছল মর্মে আর্থিক স্বচ্ছলতার সনদপত্র দাখিল করতে হবে। এক্ষেত্রে সনদ প্রদানকারী কর্মকর্তা সিনিয়র প্রিন্সিপাল অফিসার/সমমানের পদ মর্যাদার নিম্নে নহেন।

(গ) **<u>দরপত্র দাতার নগদ সম্পদ</u> ঃ** ঠিকাদারের নিজস্ব/প্রতিষ্ঠানের লেটার প্যাডে ন্যূনতম ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার নগদ সম্পদ আছে মর্মে ঘোষণাপত্র দাখিল করতে হবে।

১৮। <u>দরপত্র দাখিলের নিয়মাবলী ঃ</u>

(ক) দুই খাম পদ্ধতিতে দরপত্র দাখিল করতে হবে। ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব এবং আর্থিক প্রস্তাব ০২ (দুই) টি ভিন্ন খামে দাখিল করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাবের খামের উপরিভাগের মাঝখানে **<u>"শ্রম ও হস্তার্পন ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব"</u>** ও আর্থিক প্রস্তাবের খামে **<u>"শ্রম ও হস্তার্পন ঠিকাদারের আর্থিক প্রস্তাব"</u>** লিখে দাখিল করতে হবে। উভয় খামের ডান দিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। ০২ (দুই) টি খাম একত্র করে বড় একটি খামে দাখিল করতে হবে এবং অনুরুপভাবে বড় খামের

ডানদিকে জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া এবং বাম দিকে প্রতিষ্ঠানের নাম, ঠিকানা লিখতে হবে। বড় খামের উপরের দিকে **"যে এলএসডির কাজের জন্য দরপত্র দাখিল করা হয়েছে সেই এলএসডির নাম"** লিখে দাখিল করতে হবে।

(খ) **যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে ("ক" ফরম)** পূরণ এবং স্বাক্ষর পূর্বক সংশ্লিষ্ট দলিলাদি সংযুক্ত করতে হবে। যোগ্যতা বিষয়ক প্রস্তাব খামে টেন্ডার সিকিউরিটি বা বায়নার টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট পাওয়া না গেলে দরদাতার আর্থিক প্রস্তাব খোলা হবে না।

(গ) **আর্থিক প্রস্তাব বিষয়ক খামে দর তফসীলে ("খ" ফরমে)** শুধুমাত্র উদ্ধৃত দর অংকে ও কথায় লিখে নির্ধারিত স্থানে সীলসহ স্বাক্ষর করতঃ দাখিল করতে হবে।

(ঘ) সীলগালা ছাড়া কোন যোগ্যতা ও আর্থিক প্রস্তাব ফরম দাখিল করা হলে তা বিবেচনা করা হবে না।

১৯। টেন্ডার সিকিউরিটি ঃ

(ক) দরপত্রের সাথে বাংলাদেশের যে কোন তফসীলভুক্ত (সিডিউল) ব্যাংক হতে প্রতি এলএসডির জন্য আলাদাভাবে টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) বাবদ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (ফেরতযোগ্য) জেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়ার অনুকূলে ক্রয় করে ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাবের সাথে দাখিল করতে হবে। কোন এসডিআর/সিডিআর গ্রহণযোগ্য হবে না।

(খ) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক নির্বাচিত দরদাতা ব্যতিরেকে অন্যান্য অকৃতকার্য দরপত্র দাতার টেন্ডার সিকিউরিটি (বায়নার টাকা) দরপত্রের সিদ্ধান্ত গ্রহণ শেষে ফেরত দেয়া হবে। কৃতকার্য দরদাতার বায়নার টাকা চুক্তি সম্পাদনের পর ফেরত দেয়া হবে। যথাসময়ে চুক্তি সম্পাদন করে কার্যভার গ্রহণ না করলে টেন্ডার সিকিউরিটির টাকা সরকারি খাতে বাজেয়াপ্ত করা হবে। টেন্ডার সিকিউরিটির টাকা ছাড়া কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

২০। আর্থিক প্রস্তাব বিষয়ক "খ" ফরম পূরনের নিয়ম ঃ

(ক) আর্থিক প্রস্তাব বলতে শুধুমাত্র প্রাইজ সিডিউল **"খ" ফরম** বুঝাবে।

(খ) আর্থিক প্রস্তাবের সাথে টেন্ডার সিকিউরিটির ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/অন্য কোন ডকুমেন্ট জমা দেয়া যাবে না।

(গ) আর্থিক প্রস্তাব বিষয়ক ফরম **"খ"** তে আইটেম ভিত্তিক পৃথক দর দাখিল করতে হবে।

(ঘ) আর্থিক প্রস্তাব বিষয়ক খামে **"খ" ফরমে** শুধুমাত্র দরদাতার উদ্ধৃত দর উল্লেখ করতে হবে। দরদাতাকে প্রতি আইটেমের একক দর অংকে ও কথায় এবং সর্বমোট মূল্য (প্রতি আইটেমের মোট মূল্যের যোগফল) শুধুমাত্র সিডিউলের নির্ধারিত কলাম/স্থানে স্পষ্টভাবে লিখে দরপত্র দাখিল করতে হবে। দশমিকের দুই অংকের বেশি ব্যবহার করা যাবে না।

(ঙ) **আইটেমভিত্তিক দরদাতার উদ্ধৃত দরকে গত ০৩ (তিন) বছরের বাৎসরিক গড় কাজের পরিমাণের সাথে গুন করে সর্বনিম্ন মোট দর নির্ধারন করা হবে।** আইটেম ভিত্তিক একক দর ও মোট দরের মধ্যে গড়মিল পরিলক্ষিত হলে একক দর গৃহীত হবে এবং সে অনুযায়ী মোট দর সংশোধিত হবে।

২১। এ দরপত্র বিজ্ঞপ্তির কোন শর্ত/যোগ্যতা বিষয়ক প্রস্তাব ("ক" ফরম)/ আর্থিক প্রস্তাব ("খ" ফরম) ইত্যাদি বিষয়ে সহায়ক তথ্য বা স্পষ্টীকরণের প্রয়োজন হলে দরপত্র দাতাগণ ০৭/১১/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ব্রাহ্মণবাড়িয়া সদর তথা সদস্য-সচিব, টেলিফোন নংঃ ০৮৫১-৫৮১২৩ এবং এ দপ্তরের হিসাব শাখায় যোগাযোগ করতে পারবেন।

২২। ঠিকাদার নির্বাচন পদ্ধতি ঃ

(ক) ঠিকাদারের যোগ্যতা বিষয়ক প্রস্তাব অর্থাৎ **("ক" ফরম)** সঠিক পাওয়া গেলে তাঁর আর্থিক প্রস্তাব **("খ" ফরম)** খোলা হবে এবং দাখিলকৃত দরদাতার সর্বনিম্ন দর মূল্যায়ন কমিটি (TEC) কর্তৃক সুপারিশ ও Head Of The Procuring Entity (HOPE) কর্তৃক অনুমোদনের পর চূড়ান্ত বলে গণ্য হবে। সর্বনিম্ন দরদাতার সংখ্যা একাধিক হলে পাবলিক প্রকিউরমেন্ট (২য় সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক লটারীর মাধ্যমে প্রতি কেন্দ্রের জন্য ০১ (এক) জন করে ঠিকাদার নিয়োগের জন্য সুপারিশ করা হবে।

(খ) প্রতি এলএসডির জন্য সর্বনিম্ন দরে ১ জন করে ঠিকাদার নির্বাচন করার পর কোন নির্বাচিত দরদাতা চুক্তি সম্পাদন না করলে কিংবা দরপত্রে কোন ভুল তথ্য প্রদান করেছেন এরুপ তথ্য উদঘাটিত হলে পিপিআর-২০০৮ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২৩। পারফরমেন্স সিকিউরিটি ঃ

কৃতকার্য/নির্বাচিত দরদাতাকে সংশ্লিষ্ট এলএসডি'র বিগত ০৩ (তিন) বছরের শ্রম ও হস্তার্পন **(Labour & Handling)** কাজের পরিশোধিত বিলের গড় টাকার ১৫% (১০,০০০/- টাকার কম নহে) (পরিশিষ্ট ক-তে উল্লেখিত) ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে পারফরমেন্স সিকিউরিটি (কার্য সম্পাদন জামানত) বাবদ জমা দিয়ে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

২৪। চুক্তি সম্পাদন ঃ

(ক) সর্বনিম্ন দরদাতাকে তার দেয় এলএসডির জন্য শ্রম ও হস্তার্পন ঠিকাদার হিসেবে নির্বাচিত করা হবে।

(খ) দরপত্রে প্রাপ্ত সর্বনিম্ন দরদাতার দর বৈধ বিবেচিত হলে ও যথাযথ কর্তৃপক্ষ (HOPE) কর্তৃক অনুমোদিত হলে Letter of intent প্রদান করা হবে এবং Letter of intent প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে লিখিত সম্মতি প্রদান পূর্বক ২৮ (আটাশ) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করতে হবে।

২৫। চুক্তি সংশোধন ঃ

সরকার কর্তৃক সময়ে সময়ে খাদ্যদ্রব্য অথবা যে কোন পণ্যের শ্রম ও হস্তার্পন সংক্রান্ত বা এতদ্সংক্রান্ত যে কোন বিষয়ে জারিকৃত বিজ্ঞপ্তি/স্মারক/আদেশ/পরিপত্রসহ দরপত্র তফসিল, শর্তাবলী ও নিয়মাবলী চুক্তিপত্রের অংশ হিসেবে পরিগণিত হবে।

২৬। গোপনীয় প্রতিবেদন ঃ

নির্বাচিত ঠিকাদারের ক্ষেত্রে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক গোপনীয় প্রতিবেদন প্রাপ্তির পর চুক্তি সম্পাদন করা হবে। তবে জরুরী প্রয়োজনে পুলিশি ও খাদ্য বিভাগীয় হালনাগাদ সন্তোষজনক প্রতিবেদন প্রাপ্তি ব্যতিত চুক্তি সম্পাদন করা যেতে পারে। পরবর্তীতে গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক পাওয়া না গেলে সম্পাদিত চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে।

২৭। ক্ষমতা সংরক্ষণ ঃ

কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সমুদয় দরপত্র বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। **অবাস্তব সর্বনিম্ন দর গ্রহণে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন দরপত্রদাতা যদি বর্তমান বাজার দর/দাপ্তরিক প্রাক্কলিত মূল্য হতে উল্লেখযোগ্যভাবে কম মূল্য উদ্ধৃত করে দরপত্র দাখিল করেন তাহলে পিপিআর-২০০৮ মোতাবেক উক্ত দরপত্র বাতিল/ তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।** কর্তৃপক্ষের গৃহীত সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৮। অভিযোগ ও আপিল ঃ

দরপত্র সম্পর্কিত অভিযোগ ও আপীল নিস্পত্তির ক্ষেত্রে পিপিআর-২০০৮ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

স্বা/

(সুবীর নাথ চৌধুরী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)।

স্মারক নম্বর ১৩.০১.১২০০.০০৩.৪৯.০০৩.১৯.২৬৮৭(১১২)

তারিখ ঃ ০৪ কার্তিক, ১৪২৬ / ২০ অক্টোবর, ২০১৯

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ




১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
২-৮। পরিচালক (সকল)..........................................., খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৯-১৫। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল) ................................।
১৬। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
১৭। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।

একমাত্র রাষ্ট্রীয় কাজে ব্যবহৃত

১৮। উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া।
১৯। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, ব্রাহ্মণবাড়িয়া।
২০। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২১-২২। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম/খুলনা।

বুক পোষ্ট

২৩-৮৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.......................................।
৮৬-৯৭। ম্যানেজার (সকল)................................ সিএসডি,........................................।
৯৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরী), জেখানি দপ্তর, কুমিল্লা।
৯৯-১০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) ...................................., ব্রাহ্মণবাড়িয়া।
১০৯। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা/ভারপ্রাপ্ত কর্মকর্তা,.......................................... এলএসডি।
১১০। কম্পিউটার শাখা, এ দপ্তর। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।
১১১। নোটিশ বোর্ড, এ দপ্তর।
১১২। অফিস নথি।

২০.১০.১৯

(সুবীর নাথ চৌধুরী)
জেলা খাদ্য নিয়ন্ত্রক
ব্রাহ্মণবাড়িয়া
ও
সভাপতি
জেলা দরপত্র মূল্যায়ন কমিটি (খাদ্য)।